

ক্যাডেট কলেজ আইন, ২০১৭

(২০১৭ সনের ১ নং আইন)

ক্যাডেট কলেজ সম্পর্কিত বিদ্যমান আইন রহিতপূর্বক কতিপয় সংশোধনীসহ উহা পুনঃপ্রণয়নকল্পে প্রণীত আইন

যেহেতু বাংলাদেশে ক্যাডেট কলেজ সম্পর্কিত বিদ্যমান আইন রহিতপূর্বক কতিপয় সংশোধনীসহ
উহা পুনঃপ্রণয়নকল্পে বিধান করা সমীচীন ও প্রয়োজনীয়;

সেহেতু, এতদ্বারা নিম্নরূপ আইন করা হইল: -

সংক্ষিপ্ত শিরোনাম, প্রয়োগ ও প্রবর্তন

- ১। (১) এই আইন ক্যাডেট কলেজ আইন, ২০১৭ নামে অভিহিত হইবে।
- (২) সমগ্র বাংলাদেশে ইহার প্রয়োগ হইবে।
- (৩) ইহা অবিলম্বে কার্যকর হইবে।

সংজ্ঞা

- ২। বিষয় বা প্রসঙ্গের পরিপন্থি কোন কিছু না থাকিলে, এই আইনে, -
 - (ক) “কর্মচারী” অর্থ কলেজের কর্মে বেতন-ভাতাদিযুক্ত নিয়মিত পদে নিযুক্ত কোন ব্যক্তি;
 - (খ) “ক্যাডেট” অর্থ কলেজের একজন শিক্ষার্থী;
 - (গ) “কলেজ” অর্থ ধারা ৩ এর অধীন প্রতিষ্ঠিত কোন ক্যাডেট কলেজ;
 - (ঘ) “কেন্দ্রীয় পরিষদ” অর্থ ধারা ৬ এর অধীন গঠিত ক্যাডেট কলেজ কেন্দ্রীয় পরিষদ;
 - (ঙ) “চেয়ারম্যান” অর্থ ধারা ৬ এর অধীন গঠিত কেন্দ্রীয় পরিষদের চেয়ারম্যান;
 - (চ) “পরিচালনা পরিষদ” অর্থ ধারা ৯ এর অধীন গঠিত ক্যাডেট কলেজ পরিচালনা পরিষদ;
 - (ছ) “বিধি” অর্থ ধারা ১৬ এর অধীন প্রণীত বিধি;
 - (জ) “সভাপতি” অর্থ ধারা ৯ এর অধীন গঠিত পরিচালনা পরিষদের সভাপতি।

৩। (১) সরকার, প্রয়োজনে, সরকারি গেজেটে প্রজ্ঞাপন দ্বারা, প্রজ্ঞাপনে উল্লিখিত তারিখে কোন এলাকায় এক বা একাধিক ক্যাডেট কলেজ প্রতিষ্ঠা করিতে পারিবে।

(২) প্রত্যেক কলেজ উহার নিজ নামে একটি সংবিধিবদ্ধ সংস্থা হইবে এবং উহার স্থায়ী ধারাবাহিকতাসহ একটি সাধারণ সিলমোহর থাকিবে, এবং উহার স্থাবর ও অস্থাবর উভয় প্রকারের সম্পত্তি অর্জন, ধারণ ও হস্তান্তর করিবার, চুক্তি সম্পাদন করিবার, এবং এই আইনের উদ্দেশ্য পূরণকল্পে, অন্যান্য প্রয়োজনীয় কার্য সম্পাদন করিবার ক্ষমতা থাকিবে, এবং ইহা স্বীয় নামে মামলা করিতে পারিবে এবং ইহার বিরুদ্ধেও মামলা করা যাইবে।

কলেজের কার্যালয়

৪। সরকার কর্তৃক, সরকারি গেজেটে প্রজ্ঞাপন দ্বারা, নির্ধারিত স্থানে কলেজের কার্যালয় অবস্থিত হইবে।

কলেজের ক্ষমতা ও কার্যাবলী

৫। কলেজের ক্ষমতা ও কার্যাবলী হইবে নিম্নরূপ, যথা:-

(ক) বিশেষায়িত পদ্ধতিতে আধুনিক ও যুগোপযোগী শিক্ষা প্রদান;

(খ) ক্যাডেটদের প্রাথমিক সামরিক প্রশিক্ষণ প্রদান;

(গ) কলেজ কর্তৃক উপযুক্ত বলিয়া বিবেচিত শাখা বা বিষয়ে পাঠ দান;

(ঘ) মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ডের নির্দেশিত পাঠক্রম সকল শ্রেণির জন্য অনুসরণ;

(ঙ) দফা (ক) হইতে (ঘ) তে বর্ণিত ক্ষমতা ও কার্যাবলীর পরিপূরক হিসাবে, কলেজের উদ্দেশ্য ও লক্ষ্য বাস্তবায়ন করিবার উদ্দেশ্যে শিক্ষার মানবিক, বিজ্ঞান ও অন্যান্য শাখার প্রসার সাধনে, আবশ্যিক বিবেচিত, অন্য যে কোন কার্য সম্পাদন করা।

কেন্দ্রীয় পরিষদের গঠন

৬। ক্যাডেট কলেজসমূহের একটি কেন্দ্রীয় পরিষদ থাকিবে এবং উহা নিম্নবর্ণিত সদস্য সমন্বয়ে গঠিত হইবে, যথা:-

(ক) সচিব, প্রতিরক্ষা মন্ত্রণালয়, পদাধিকারবলে, যিনি উহার চেয়ারম্যানও হইবেন ;

(খ) সভাপতি, পরিচালনা পরিষদ, পদাধিকারবলে ;

(গ) অর্থ বিভাগ কর্তৃক মনোনীত উক্ত বিভাগের অন্যান্য যুগ্ম-সচিব পদমর্যাদার একজন কর্মচারী ;

(ঘ) শিক্ষা মন্ত্রণালয় কর্তৃক মনোনীত উক্ত মন্ত্রণালয়ের অন্যান্য যুগ্ম-সচিব পদমর্যাদার একজন কর্মচারী;

- (ঙ) যুগ্ম-সচিব (পূর্ত ও উন্নয়ন), প্রতিরক্ষা মন্ত্রণালয়, পদাধিকারবলে ;
- (চ) পরিচালক, শিক্ষা পরিদপ্তর, বাংলাদেশ সেনাবাহিনী, পদাধিকারবলে ;
- (ছ) পরিচালক, শিক্ষা পরিদপ্তর, বাংলাদেশ নৌবাহিনী, পদাধিকারবলে ;
- (জ) পরিচালক, শিক্ষা পরিদপ্তর, বাংলাদেশ বিমান বাহিনী, পদাধিকারবলে ;
- (ঝ) পরিচালক (কলেজ ও প্রশাসন), মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর, পদাধিকারবলে ;
- (ঞ) অধ্যক্ষ, ক্যাডেট কলেজ (সকল), পদাধিকারবলে ;
- (ট) এ্যাসিস্ট্যান্ট এ্যডজুটেন্ট জেনারেল (ক্যাডেট কলেজ সংশ্লিষ্ট), সেনাসদর, পদাধিকারবলে ; এবং
- (ঠ) যুগ্ম-সচিব (ক্যাডেট কলেজ সংশ্লিষ্ট), প্রতিরক্ষা মন্ত্রণালয়, পদাধিকারবলে যিনি উহার সদস্য-সচিবও হইবেন।

কেন্দ্রীয় পরিষদের সভা

- ৭। (১) চেয়ারম্যান কর্তৃক নির্ধারিত তারিখে, কেন্দ্রীয় পরিষদ সাধারণভাবে প্রতি বৎসর ২(দুই) বার ঢাকায়, সভায় মিলিত হইবে।
- (২) চেয়ারম্যান, প্রয়োজনে কেন্দ্রীয় পরিষদের বিশেষ সভা আহ্বান করিতে পারিবেন।
- (৩) চেয়ারম্যান কেন্দ্রীয় পরিষদের সকল সভায় সভাপতিত্ব করিবেন।
- (৪) মোট সদস্য সংখ্যার অনূ্যন অর্ধেক সদস্যের উপস্থিতিতে সভার কোরাম গঠিত হইবে।
- (৫) সভায় উপস্থিত সংখ্যাগরিষ্ঠ সদস্যের সম্মতির ভিত্তিতে সভার সিদ্ধান্ত গৃহীত হইবে।
- (৬) উপস্থিত সদস্যগণের সংখ্যাগরিষ্ঠ ভোটে সভার সিদ্ধান্ত গৃহীত হইবে এবং ভোটের সমতার ক্ষেত্রে সভাপতিত্বকারী ব্যক্তির দ্বিতীয় বা নির্ণায়ক ভোট প্রদানের ক্ষমতা থাকিবে।

কেন্দ্রীয় পরিষদের ক্ষমতা ও দায়িত্ব

- ৮। কেন্দ্রীয় পরিষদের ক্ষমতা ও দায়িত্ব হইবে নিম্নরূপ, যথা: -
- (ক) কলেজের কর্মচারীগণের দায়িত্ব ও চাকরির শর্তাবলি নির্ধারণ ;
- (খ) মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ডের নির্দেশিত পাঠক্রম সকল শ্রেণির জন্য অনুসরণ নিশ্চিতকরণ ;